

💵 কুরআন ও সুন্নাহর আলোকে উমরা করার নিয়ম

বিভাগ/অধ্যায়ঃ ধাপে ধাপে বিবরণ রচয়িতা/সঙ্কলকঃ ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

৮. মাথা মুন্ডন করা বা চুল ছাটা

৮. সা'য়ী পূর্ণ করে মাথার চুল হলক করবেন (কামাবেন) অথবা ছোট করে ছেঁটে নিবেন, তবে কামানো উত্তম। যদি হজের আগে আপনি মক্কা এসে থাকেন এবং হজের বেশি দিন বাকি না থাকে তবে উত্তম হলো উমরার পর চুল ছোট করে ছাঁটা, যাতে হজের ইহরাম থেকে হালাল হওয়ার সময় হলক করতে পারেন।

খেয়াল রাখবেন আপনার চুল কাটা বা ছাঁটা যা-ই- করেননা কেন সম্পূর্ণ মাথা থেকে হতে হবে। সামান্য কিছু কাটলে বা ছাঁটলে হবেনা। এটা পুরুষের ক্ষেত্রে।

মহিলাগণ তাদের চুল একত্র করে চুলের অগ্রভাগ থেকে এক আঙুলের অগ্রভাগ পরিমাণ কাটবেন। এভাবে আপনার উমরা পূর্ণ হয়ে যাবে এবং ইহরামের কারণে ইতঃপূর্বে যা হারাম ছিল, এক্ষণে তা হালাল হয়ে যাবে। আল্লাহ আমাদেরকে তাঁর প্রদর্শিত নিয়ম অনুসারে ইবাদত করার তৌফিক দিন।

(আমাকে আপনাদের দো'আয় ভুলবেন না।)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=15084

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন